

**সংযুক্ত আরব আমীরশাহীতে পররাষ্ট্র প্রতিমন্ত্রী  
এম জে আকবরের সরকারি সফর (১০-১১ এপ্রিল, ২০১৭)**

পররাষ্ট্র প্রতিমন্ত্রী এম জে আকবর সংযুক্ত আরব আমীরশাহীতে একটি সরকারি সফর করবেন ১০-১১ এপ্রিল, ২০১৭। সফরকালে তিনি বৈঠক করবেন ইউএই-তে তাঁর সমর্যাদাসম্পন্ন মন্ত্রী এবং অন্যান্য ইউএই নেতার সঙ্গে এবং পারম্পরিক স্বার্থজরিত দ্বিপাক্ষিক, আঞ্চলিক এবং আন্তর্জাতিক বিষয় নিয়ে সরকারি বৈঠক করবেন। এছাড়াও তিনি আবুধাবিতে ইউএই রাষ্ট্রদুতদের বার্ষিক ফেরামে বক্তব্য রাখার সুযোগ পাচ্ছেন।

নিয়মিত উচ্চপর্যায়ের সফর এবং খুব ভাল মানুষে-মানুষে যোগাযোগের দ্বারা ভারত ও ইউএই-এর মধ্যে ঘনিষ্ঠ এবং বহুমুখী দ্বিপাক্ষিক সম্পর্ক বিদ্যমান। সাম্প্রতিক ২০১৫ সালের আগস্টে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ইউএই সফর এবং আবুধাবিতে যুবরাজ রাজাধিরাজ শেখ মহম্মদ বিন জায়েদ আল নাহিয়ান ফেব্রুয়ারি ২০১৬ ভারত সফর করেন এবং ২০১৭ সালের জানুয়ারিতে ভারতের সাধারণতন্ত্র দিবসে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, যা দু'দেশের কৌশলগত অংশীদারিত্বের সম্পর্ককে আরও মজবুত করেছে।

আমাদের মধ্যে প্রায় ৫০ বিলিয়ন মার্কিন ডলারের স্থিতিশীল দ্বিপাক্ষিক বাণিজ্য, যা ইউএইকে আমাদের তৃতীয় বৃহত্তম বাণিজ্যিক অংশীদার এবং আমাদের ইউএইতে বৃহত্তম বাণিজ্যিক অংশীদারে পরিণত করেছে। ইউএই ভারতে প্রত্যক্ষ বিদেশী বিনিয়োগকারীদের মধ্যে বৃহত্তম। ভারতের জ্বালানি নিরাপত্তার ক্ষেত্রে এর অবদান অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং ২০১৫-১৬ সালে ভারতে পঞ্চম বৃহত্তম অপরিশেষিত তেল সরবরাহকারী দেশ।

প্রায় ২.৬ মিলিয়ন মজবুত এবং অত্যন্ত স্পন্দনশীল ভারতীয় সম্প্রদায়, ইউএইতে বৃহত্তম প্রবাসী সম্প্রদায়। তাদের ইতিবাচক এবং সু-প্রশাংসাযোগ্য অবদান সে দেশের উন্নয়নে গুরুত্বপূর্ণ হয়েছে এবং দ্বিপাক্ষিক সম্পর্ককে আরও চমৎকার করেছে।

এই সফর ইউএই-এর সঙ্গে আমাদের বহুমুখী স্বার্থজনিত দ্বিপাক্ষিক সম্পর্ককে আরও মজবুত করার সুযোগ প্রদান করবে।

**নয়াদিল্লি**

**এপ্রিল ০৭, ২০১৭**